



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

স্মারক নং- BTMA-SEIP/05(B)/2022-2023/ 2679

তারিখ : আগস্ট ০৮, ২০২২ ইং

বিনামূল্যে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

বরাবর,

BTMA এর সদস্য সকল টেক্সটাইল মিলের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ,

বিষয়ঃ টেক্সটাইল শিল্পের উন্নয়নের লক্ষ্যে EDP-BUTEX কর্তৃক পরিচালিত SEIP প্রকল্পের আওতায় বিনামূল্যে Executive Development Program (EDP) এ অংশগ্রহণের নিমিত্তে কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি জেনে খুশী হবেন যে, Asian Development Bank (ADB) ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং অর্থ মন্ত্রণালয়ের সরাসরি তত্ত্বাবধানে বাংলাদেশের Textile শিল্পের উন্নতির নিমিত্তে মিলগুলির জন্য আন্তর্জাতিক মানের মধ্যম এবং উচ্চ পর্যায়ের জনশক্তি তৈরীর লক্ষ্যে BTMA এর সরাসরি উদ্যোগে Bangladesh University of Textiles (BUTEX) এ “Skills for Employment Investment Program (SEIP)” শীর্ষক প্রকল্পের আওতায় Postgraduate Diploma in Textile Industry Management (PGD-TIM) নামের ৯ (নয়) মাসব্যাপী একটি প্রশিক্ষণ কার্যক্রম ২০১৮ সাল হতে চালু রয়েছে।

এই প্রশিক্ষণে BTMA এর সদস্য মিল হতে মনোনয়ন গ্রহণপূর্বক অনেক Mid-Level এর কর্মকর্তা প্রশিক্ষণ সমাপ্ত করে নিজ নিজ কর্মস্থলে নিয়োজিত আছেন। কিন্তু বর্নিত প্রশিক্ষণে BTMA এর সদস্য মিলসমূহ হতে অংশগ্রহণকারীর সংখ্যা আশানুরূপ নয়। অথচ এ সুযোগেই BTMA এর সদস্য নয় এমন অনেক ফ্যাক্টরি/মিলের কর্মকর্তাগণ প্রশিক্ষণ গ্রহণ করে উপকৃত হয়েছেন এবং হচ্ছেন। যদিও PGD-TIM শীর্ষক প্রশিক্ষণে BTMA এর সুপারিশ স্বাপেক্ষে লিখিত পরীক্ষা ব্যতীত কেবলমাত্র সাক্ষাৎকারের মাধ্যমে অংশগ্রহণের সুযোগ রয়েছে।

বর্তমানে SEIP প্রকল্পের অধীনে EDP-BUTEX কর্তৃক পরিচালিত “PGD-TIM” প্রোগ্রামের প্রশিক্ষার্থী নির্বাচন কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের Executive এবং Mid-Level পর্যায়ের কর্মকর্তাদের এ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ জানাচ্ছি। প্রশিক্ষণ কর্মসূচির বিস্তারিত তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	সময়	যোগ্যতা এবং অভিজ্ঞতা	ভািতাদি	যোগাযোগ
Postgraduate Diploma in Textile Industry Management (PGD-TIM)	মোট : ৯ মাস কোর্স: ৬ মাস ইন্টার্নশীপ: ৩ মাস	শুক্রবার (বিকাল ৩.০০-রাত ৯.০০) শনিবার (বিকাল ৩.০০- রাত ৯.০০)	গ্রাজুয়েশনসহ টেক্সটাইল খাতে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা (ব্যবস্থাপনা ও নির্বাহী পর্যায়ের কর্মকর্তাবৃন্দ) ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়	কোর্স চলাকালীন ৬ মাস এবং ইন্টার্নশীপ ৩ মাস = ৯ মাস নির্ধারিত ভািতা প্রদান করা হবে	সহিদুল ইসলাম 01716-531615 chiefcoordinator@bt maseip.org.bd

- প্রশিক্ষণের স্থান : EDP-BUTEX, Bangladesh University of Textiles (BUTEX), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
- আবেদনের শেষ সময় : ৩০ আগস্ট, ২০২২।
- ভর্তি পরীক্ষার সময় : পরবর্তীতে জানানো হবে।
- আবেদনের মাধ্যমঃ অনলাইন এবং হার্ডকপি (পরবর্তীতে অনলাইনের লিংক প্রদান করা হবে)।

অনলাইন আবেদন পরবর্তী BTMA-SEIP অফিসে তালিকাভুক্তির জন্য BTMA এর সদস্য মিলসমূহকে আবেদনকারীর নাম, পদবী, কারখানার নাম ও ঠিকানা উল্লেখপূর্বক (সংযুক্ত ছক অনুযায়ী) chiefcoordinator@btmaseip.org.bd এ পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো এবং এ বিষয়ে আপনার সহযোগীতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে

আপনার একান্ত,

(মোঃ ফজলুল হক)

ভাইস প্রেসিডেন্ট, বিটিএমএ

- অনুলিপিঃ
১. প্রেসিডেন্ট, বিটিএমএ;
 ২. অতিরিক্ত পরিচালক এবং সি.ই.ও (ইনচার্জ), BTMA;
 ৩. চীফ, কো-অর্ডিনেটর, BTMA-SEIP প্রকল্প;
 ৪. কো-অর্ডিনেটর, জব প্লেসমেন্ট এন্ড ডাটাবেজ, BTMA-SEIP প্রকল্প;
 ৫. অফিস কপি।

সংযুক্তিঃ- বর্ননামতে।

PGD-TIM প্রোগ্রামের জন্য মনোনীত BTMA এর সদস্য মিলের কর্মকর্তাদের তথ্যের বিবরণ

ক্রম	নাম	কর্মস্থলে যোগদানের তারিখ	পদবী	ডিপার্টমেন্ট/ বিভাগ	কর্মরত প্রতিষ্ঠানের ঠিকানা	মোবাইল নং	ই-মেইল আইডি
১.							
২.							
৩.							
৪.							
৫.							
৬.							
৭.							
৮.							
৯.							
১০.							

BTMA এর সদস্য মিলের উর্দ্ধতন কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

সীলঃ

তারিখঃ